

উচ্চশিক্ষা

দেশে আরও একটি সরকারি মেডিক্যাল কলেজ পেল অনুমোদন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৫ মে ২০২৬, ১০: ০০



স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়

দেশের চিকিৎসা শিক্ষার প্রসারে ঠাকুরগাঁও জেলায় নতুন একটি সরকারি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার অনুমোদন দিয়েছে সরকার। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগের এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। এর ফলে দেশে সরকারি মেডিক্যাল কলেজের মোট সংখ্যা দাঁড়াল ৩৮।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, এতদ্বারা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগের আওতায় ঠাকুরগাঁও জেলায় 'ঠাকুরগাঁও মেডিক্যাল কলেজ' প্রতিষ্ঠার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো। রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা এই আদেশ অবিলম্বে কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে বলা হয়েছে।

